নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)
কাদিরাবাদ, দয়ারামপুর, নাটোর।

তারিখঃ ০৪ সেপ্টেম্বর ২০২৫

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ, দয়ারামপুর, নাটোর এ অবস্থিত বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET) এর ছাত্রী হলের(বনলতা হল) নিম্নে উল্লিখিত পদে ০৬(ছয়) মাসের চুক্তিভিত্তিক জনবল নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	কর্মস্থল	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সহকারী মেস সুপারভাইজার (শুধুমাত্র মহিলা)	০১ (এক)	বনলতা হল (ছাত্রী হল) BAUET, কাদিরাবাদ দয়ারামপুর, নাটোর।	ক। শিক্ষাগত যোগ্যতাঃ ন্যূনতম এইচ.এস.সি পাশ হতে হবে । খ। মেস পরিচালনা কাজের বাস্তব অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে গ। কম্পিউটার বিষয়ে দক্ষতা থাকতে হবে। ঘ। সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
০২	হিসাব রক্ষক (সহকারী) (পুরুষ/ মহিলা)	০১ (এক)		ক। শিক্ষাগত যোগ্যতাঃ ন্যূনতম এইচ.এস.সি (ব্যবসায় শিক্ষা) পাশ হতে হবে । খ। একাউনটেন্ট হিসাবে কাজের বাস্তব অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকারদেয়া হবে। গ। কম্পিউটার(এমএস ওয়ার্ড/এক্সেল/পাওয়ার পয়েন্ট) পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে। ঘ। সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
০৩	সহকারী আয়া	০১ (এক)		ক। এসএসসি বা সমমান পরীক্ষায় পাশ হতে হবে। খ। চিকিৎসা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। গ। শারীরিকভাবে যোগ্য হতে হবে। ঘ। সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। ঙ। রাতের বেলা হলে অবস্থান করার মানসিকতা থাকতে হবে।

দরখাস্তের নিয়মাবলীঃ

১। উপরোক্ত পদে আগ্রহী প্রার্থীদের এক কপি আবেদনপত্র জীবনবৃত্তান্তসহ ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে বরাবর, প্রভোস্ট, বনলতা হল, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ, দয়ারামপুর, বাগাতিপাড়া, নাটোর পাঠাতে হবে।

২। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত সনদ ও কাগজাদি সংযুক্ত করতে হবেঃ
- ক। শিক্ষাগত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- খ। ০৩ (তিন) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি।
- গ। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- ঘ। স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক/চারিত্রিক সনদপত্র।
- ঙ। জন্ম সনদ সত্যায়িত ফটোকপি ।

৩। শুধুমাত্র প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে ।

৪। লিখিত/মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে এবং আবেদনকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।

৫। নিয়োগ প্রক্রিয়ার কোন পর্যায়ে প্রার্থীর পক্ষে কোন প্রত্যক্ষ কিংবা পরোক্ষ সুপারিশ/তদবির করা হলে সংশ্লিষ্ট প্রার্থীকে সরাসরি অযোগ্য বলে বিবেচনা করা হবে।

৬। যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন প্রসঙ্গে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। পদের সংখ্যা কম/বেশি হতে পারে।

৮। ১৮ বছর বয়সের নীচে কোন প্রার্থীর আবেদনপত্র গ্রহণ যোগ্য নয়।

৯। হলের নির্ধারিত নিয়ম অনুযায়ী বেতন প্রদান করা হবে।

04.09.25

প্রভোস্ট
বনলতা হল
BAUET, কাদিরাবাদ ।

বিতরণঃ
সকল নোটিশ বোর্ড
BAUET, ওয়েবসাইট

অবগতিঃ
মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)
ট্রেজারার
রেজিস্ট্রার